গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিঃ

এবং

সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বোয়েসেল--এর আওতায় বিগত ০৩ (তিন) বছর অর্থাৎ ২০১৯-২০২০ অর্থ বছরে ৮৫২৫ জন এবং ২০২০-২০২১ অর্থবছরে ৫৫৫৬ এবং ২০২১-২০২২ অর্থবছরে ৯,১৫০ জনসহ মোট ২৩,২৩১ জন পুরুষ ও নারী কর্মী বিদেশ গমন করেছে। তন্মধ্যে বিনা অভিবাসন ব্যয়ে ১৮,৩৮৫ জন দক্ষ নারী কর্মীকে বিদেশে প্রেরণ করা হয়েছে। বিদেশে নারী কর্মী প্রেরণের সংখ্যা একই সময়ে মোট কর্মী প্রেরণের ৯৩%। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা, নির্বাচনী ইশতেহার ২০১৮ ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বোয়েসেল দালাল ও মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য বন্ধসহ ন্যূনতম অভিবাসন ব্যয় নিশ্চিত করে কর্মী প্রেরণ করে যাচ্ছে। মোবাইলে বাংলায় এস.এম.এস প্রেরণ করে তথ্যসেবা প্রদান, অভিবাসন সংক্রান্ত সকল ফি ব্যাংকের মাধ্যমে গ্রহণ, শূন্য অভিবাসন ব্যয়ে বিদেশে কর্মী প্রেরণ বোয়েসেল-এর অন্যতম সাফল্য। বোয়েসেল-এর মাধ্যমে গমনকৃত কর্মীরা দক্ষ ও যোগ্য হওয়ায় একদিকে যেমন আয় ও রেমিটেন্স বৃদ্ধি পাচ্ছে অন্যদিকে নিয়োগকারী দেশে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি বৃদ্ধি পাচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বোয়েসেল-এর নিজস্ব উদ্যোগে বাজার সম্প্রসারণের সুযোগ সীমিত তাই প্রতিষ্ঠানটি অন্যান্য বেসরকারি কর্মী প্রেরণকারী প্রতিষ্ঠানের মতো স্বাধীনভাবে বাজার সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা করতে পারছে না। কোভিড-১৯ মহামারির বিশ্বব্যাপী করাল থাবা চলতি অর্থবছরে বৈদেশিক বাজার অনুসন্ধান ও সম্প্রসারণ টিমের লক্ষ্যমাত্রাসহ যে কোন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে একটি প্রতিবন্ধকতা। কেননা, বোয়েসেল-এর কার্যক্রম বহি:বিশ্বের রাজনৈতিক ও আর্থ-সামাজিক স্থিতিশীলতা ও প্রবৃদ্ধির মাত্রার উপর নির্ভরশীল। নির্মাণ ও উন্নয়ন কার্যক্রম স্থবির হলে বাংলাদেশ থেকে বিদেশে কর্মী প্রেরণও হ্রাস পাবে। অন্যদিকে চাহিদা মোতাবেক উপযুক্ত ও দক্ষ কর্মীর সংকট বর্তমানে বড় চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। সর্বোপরি সকল প্রতিবন্ধকতার মধ্যে নৈতিকতার সাথে স্বল্পব্যয়ে নিরাপদ অভিবাসন নিশ্চিত করাই বোয়েসেল-এর মূল চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিগত বছরসমূহের অগ্রগতির ধারাবাহিকতা রক্ষা এবং বৈশ্বিক অতিমারিজনিত চ্যালেঞ্জ মোকাবেলা ও সরকারের নীতিমালা বাস্তবায়নে এ সংস্থার কার্যক্রম সুদৃঢ় রাখার লক্ষ্যে ২০২৫ সালের মধ্যে ৪০,০০০ জন কর্মী বিদেশে প্রেরণের পরিকল্পনা রয়েছে। এ লক্ষ্যে ২০২৫ সালের মধ্যে আরও ১০টি নতুন দেশে কর্মী প্রেরণের সম্ভাব্যতা যাচাই করা হবে। নিরাপদ ও শোভন অভিবাসন নিশ্চিত করার জন্য ২০৩০ সালের মধ্যে শতভাগ দক্ষ, প্রশিক্ষিত জনশক্তি প্রেরণের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ প্রতিষ্ঠানের নিজস্ব জমির উপর বহুতল ভবন নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কর্মীদের মেডিকেল টেস্ট, এয়ার টিকেট এবং অন্যান্য প্রয়োজনীয় সেবা বোয়েসেলের নিজস্ব উদ্যোগ ও ব্যবস্থাপনায় বাস্তবায়ন করা, বিভাগীয় শহরগুলো এবং দুবাই-এ বোয়েসেল-এর শাখা অফিস খোলার পরিকল্পনা রয়েছে।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৯,৫০০ (নয় হাজার পাঁচ'শ) জন যোগ্য কর্মীকে বিদেশে কর্মসংস্থান;
- চলমান বাজার ধরে রাখা;
- নতুন শ্রমবাজার অনুসন্ধান;
- অভিবাসন ব্যয় হ্রাস ও সচেতনতা বৃদ্ধি ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিঃ

এবং

সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

আন্তর্জাতিক মান বজায় রেখে বিশ্বে কর্মী সরবরাহে বাংলাদেশের অন্যতম জনশক্তি সরবরাহকারী প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ এবং সেবা গ্রহীতাদের দ্রুত, দক্ষ এবং ফলপ্রসূ সেবা প্রদান ও দেশের টেকসই প্রবৃদ্ধির জন্য জাতীয় অর্থনীতিতে অধিক অবদান রাখা ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়ায় ন্যূনতম অভিবাসন ব্যয়ে বিদেশে প্রেরণ করার মাধ্যমে দেশের পশ্চাৎপদসহ আপামর জনগনের সামাজিক ও অর্থনৈতিক কল্যাণে ভূমিকা রাখা এবং নিয়োগকারী দেশের উন্নয়ন অংশীদার হিসাবে অবদান রাখা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সরকারি চ্যানেলে স্বল্প ব্যয়ে নিরাপদ কর্মসংস্থান বৃদ্ধি
২. বিদেশগামী কর্মীদের দক্ষতা বৃদ্ধি ও উপযুক্ত কর্মী নির্বাচন
৩. নতুন শ্রমবাজার অনুসন্ধান
৪. চলমান বাজার-এ কর্মী প্রেরণ অব্যাহত রাখা;
৫. নৈতিক অভিবাসন নিশ্চিতে প্রচার ও সচেতনতা বৃদ্ধি

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. অভিবাসন নীতিমালা অনুযায়ী বিশ্বের সকল শ্রমিক আমদানিকারক দেশে কম, যুক্তিসংগত বা প্রযোজ্য ক্ষেত্রে বিনা অভিবাসন খরচে কর্মী প্রেরণ;
২. দক্ষ কর্মী প্রেরণ করে বিশ্ব শ্রম বাজারে বাংলাদেশী শ্রমিকদের ইতিবাচক ভাবমূর্তি প্রতিষ্ঠা করে কর্মসংস্থানের মাধ্যমে নারীর ক্ষমতায়নসহ দারিদ্র্য বিমোচন ও আর্থসামাজিক উন্নয়ন;
৩. নিয়োগকারী প্রতিষ্ঠানকে "সঠিক কাজে সঠিক কর্মী নিয়োগ" এ সহায়তাকরণ;
৪. বিদেশে কর্মী প্রেরণে নতুন নতুন বাজার অন্বেষণ।
৫. কর্মী নিয়োগকারী দেশের উন্নয়ন অংশীদার হওয়া।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ২০২৫ সালের মধ্যে ৪০,০০০ জন কর্মী বিদেশে প্রেরণ। | বিদেশে কর্মী প্রেরিত | সংখ্যা | ৫৫৫৬ | ৯১৫০ | ৯,৫০০ | ১০,০০০ | ১০,৫০০ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বিএমইটি, টিটিসি ইত্যাদি | বার্ষিক প্রতিবেদন |
| নতুন ১০টি দেশের শ্রমবাজারে কর্মী প্রেরণের জন্য সম্ভাব্যতা যাচাই | সম্ভাব্যতা যাচাই সমাপ্ত | দেশের সংখ্যা | ২ | ১ | ২ | ২ | ৩ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসের শ্রম উইং | বার্ষিক প্রতিবেদন |
| কর্মী প্রেরণের মাধ্যমে নির্ধারিত নতুন দেশ সমূহে শ্রমবাজার সম্প্রসারণ। | শ্রমবাজার সম্প্রসারিত | দেশের সংখ্যা | ২ (হংকং ও সিশেলস) | ১ (ক্রোয়েশিয়া) | ২ | ২ | ৩ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসের শ্রম উইং | বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সরকারি চ্যানেলে স্বল্প ব্যয়ে নিরাপদ কর্মসংস্থান বৃদ্ধি | ২০ | [১.১] মোট পেশাজীবী, দক্ষ ও স্বল্পদক্ষ কর্মী প্রেরণ | [১.১.১] প্রেরিত কর্মী | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৫ | ৫৫৫৬ | ৯১৫০ | ৯৫০০ | ৮০০০ | ৭০০০ | ৫০০০ | ৪৫০০ | ১০০০০ | ১০৫০০ |
| | | | [১.১.২] প্রেরিত দক্ষ কর্মী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫৫৫৬ | ৯১৫০ | ৯২০০ | ৭৮০০ | ৬৯০০ | ৪৯৫০ | ৪৫০০ | ৯৫০০ | ৯৯০০ |
| | | | [১.১.৩] প্রেরিত পেশাজীবী কর্মী | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ০ | ৩০০ | ২০০ | ১০০ | ৫০ | ০ | ৫০০ | ৬০০ |
| | | [১.২] নারীর আর্থ-সামাজিক ক্ষমতার উন্নয়ন | [১.২.১] বৈদেশিক চাকুরিতে প্রেরিত নারী কর্মী | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৫ | ৫৪৮২ | ৮৮৪৬ | ৮০০০ | ৭০০০ | ৬০০০ | ৪৫০০ | ৪০০০ | ৮৫০০ | ৯০০০ |
| [২] বিদেশগামী কর্মীদের দক্ষতা বৃদ্ধি ও উপযুক্ত কর্মী নির্বাচন | ১৫ | [২.১] প্রশিক্ষণ প্রদান | [২.১.১] ভাষা প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | ৫ | ০ | ২৪০ | ১০০০ | ৮০০ | ৬০০ | ৫০০ | ৪০০ | ১২০০ | ১৫০০ |
| | | | [২.১.২] পিডিওসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | ৫ | ৫৫৫৬ | ১২৬৯১ | ১৩০০০ | ১০০০০ | ৭০০০ | ৫০০০ | ৪৫০০ | ১৩৫০০ | ১৪০০০ |
| | | [২.২] কর্মী নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত | [২.২.১] প্রকাশিত বিজ্ঞপ্তি | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩০ | ৩৪ | ৩৬ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ৩৮ | ৪০ |
| | | | [২.২.২] অনুষ্ঠিত কর্মী নির্বাচনী পরীক্ষা | সমষ্টি | পরীক্ষার সংখ্যা | ২ | ৩০ | ৩৪ | ৩৬ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ৩৮ | ৪০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] নতুন শ্রমবাজার অনুসন্ধান | ১৫ | [৩.১] কর্মী প্রেরণের লক্ষ্যে সম্ভাব্য নতুন দেশ নির্ধারণ | [৩.১.১] নির্ধারিত দেশের তথ্যানুসন্ধান | ক্রমপুঞ্জিভূত | দেশের সংখ্যা | ২ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | [৩.২] নির্ধারিত দেশে কর্মী প্রেরণের জন্য সম্ভাব্যতা যাচাই | [৩.২.১] নতুন শ্রমবাজারে কর্মী প্রেরণের জন্য সম্ভাব্যতা যাচাই সমাপ্ত | ক্রমপুঞ্জিভূত | দেশের সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| | | [৩.৩] নতুন কর্মী নিয়োগের চাহিদাপত্র সংগ্রহ | [৩.৩.১] প্রাথমিক চাহিদা/ চূড়ান্ত চাহিদা | ক্রমপুঞ্জিভূত | দেশের সংখ্যা | ৩ | ১ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ২ |
| | | [৩.৪] প্রাপ্ত চাহিদার ভিত্তিতে কর্মী প্রেরণ | [৩.৪.১] নতুন বাজারে প্রেরিত মোট কর্মী | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ৭ | ৩৫ | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ৪৫ | ৫০ |
| | | [৩.৫] শ্রমবাজার অনুসন্ধান, সমঝোতা স্মারক /চুক্তিস্বাক্ষর / কর্মী প্রেরণ কাজে গন্তব্য দেশ সফর | [৩.৫.১] সমঝোতা স্মারক /চুক্তি স্বাক্ষরকৃত | ক্রমপুঞ্জিভূত | দেশের সংখ্যা | ৫ | ০ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| [৪] চলমান বাজার-এ কর্মী প্রেরণ অব্যাহত রাখা; | ১০ | [৪.১] কর্মী প্রেরণের চাহিদা সংগ্রহ | [৪.১.১] চাহিদার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ১ | ১ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ৩ |
| | | [৪.২] প্রাপ্ত চাহিদার ভিত্তিতে কর্মী প্রেরণ | [৪.২.১] কর্মী প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ০ | ৪৯৪৩ | ৩৫০০ | ৫০০০ | ৩৫০০ | ৩০০০ | ২৮০০ | ৩৫০০ | ৪০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৩] চলমান বাজার সম্প্রসারণ ও পর্যবেক্ষণ কাজে গন্তব্য দেশ সফর | [৪.৩.১] বিদ্যমান শ্রমবাজার সম্প্রসার ও পর্যবেক্ষণের জন্য গবেষণা সম্পাদন | সমষ্টি | দেশের সংখ্যা | ৪ | ০ | ২ | ৩ | ২ | ১ | ০ | ০ | ৪ | ৫ |
| [৫] নৈতিক অভিবাসন নিশ্চিতে প্রচার ও সচেতনতা বৃদ্ধি | ১০ | [৫.১] অভিবাসন খাতে সুশাসন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রচারণা | [৫.১.১] প্রচারপত্র/পুস্তিকা ইত্যাদি মুদ্রিত ও প্রকাশিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ১৪০০০ | ১৩০০০ | ৯০০০ | ৭০০০ | ৬০০০ | ৫০০০ | ৪০০০ | ১০০০০ | ১১০০০ |
| | | | [৫.১.২] প্রচারপত্র/পুস্তিকা ইত্যাদি বিলিকৃত। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | ৮৪৩০ | ১২৯৮০ | ৫০০০ | ৪০০০ | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ৭০০০ | ৮০০০ |
| | | [৫.২] বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রচার | [৫.২.১] প্রতিবেদন প্রণীত | তারিখ | তারিখ | ২ | ১৮.১২.১৯ | ২১.১২.২০ | ৩০.১২.২১ | ২৭.০১.২২ | ২৮.০২.২২ | ১৫.০৩.২২ | ৩১.০৩.২২ | ২৯.১২.২২ | ২৮.১২.২৩ |
| | | | [৫.২.২] প্রতিবেদন বিলিকৃত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১০০০ | ১০০০ | ৫০০ | ৪০০ | ৩০০ | ২৫০ | ২০০ | ৬০০ | ৬৫০ |
| | | [৫.৩] বিজ্ঞাপন/বিজ্ঞপ্তি/গণবিজ্ঞপ্তি প্রকাশ ও প্রচার | [৫.৩.১] বিজ্ঞাপন/ বিজ্ঞপ্তি/গণবিজ্ঞপ্তি প্রকাশিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৫ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৫ |
| | | [৫.৪] টিভিসি ইত্যাদি নির্মাণ ও প্রচার | [৫.৪.১] নির্মিত টিভিসি প্রচারিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১ | ১ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিঃ, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিঃ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| ............................................ | ............................................ |
| --- | --- |
| ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিঃ | তারিখ |

| ............................................ | ............................................ |
| --- | --- |
| সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরটিআই | রাইট টু ইনফরমেশন |
| ২ | এনআইএস | জাতীয় শুদ্ধাচার কৌশল |
| ৩ | এপিএ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি |
| ৪ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৫ | টিটিসি | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র |
| ৬ | পিকেবি | প্রবাসী কল্যাণ ব্যাংক |
| ৭ | প্রকবৈকম | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৮ | বিএমইটি | ব্যুরো অব ম্যানপাওয়ার, এমপ্লয়মেন্ট অ্যান্ড ট্রেনিং (জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো) |
| ৯ | বোয়েসেল | বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] মোট পেশাজীবী, দক্ষ ও স্বল্পদক্ষ কর্মী প্রেরণ | [১.১.১] প্রেরিত কর্মী | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | কর্মী প্রেরণের সামারি শিট দাখিল |
| | [১.১.২] প্রেরিত দক্ষ কর্মী | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | কর্মী প্রেরণের সামারি শিট দাখিল |
| | [১.১.৩] প্রেরিত পেশাজীবী কর্মী | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | কর্মী প্রেরণের সামারি শিট দাখিল |
| [১.২] নারীর আর্থ-সামাজিক ক্ষমতার উন্নয়ন | [১.২.১] বৈদেশিক চাকুরিতে প্রেরিত নারী কর্মী | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | কর্মী প্রেরণের সামারি শিট দাখিল |
| [২.১] প্রশিক্ষণ প্রদান | [২.১.১] ভাষা প্রশিক্ষণ প্রদানকৃত | নূর আহমেদ, উপমহাব্যবস্থাপক | প্রশিক্ষণ প্রতিবেদন, বোয়েসেল |
| | [২.১.২] পিডিওসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদানকৃত | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | প্রশিক্ষণ প্রদানের সামারি শিট দাখিল |
| [২.২] কর্মী নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত | [২.২.১] প্রকাশিত বিজ্ঞপ্তি | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | বিজ্ঞপ্তির কপি |
| | [২.২.২] অনুষ্ঠিত কর্মী নির্বাচনী পরীক্ষা | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | কর্মী নির্বাচনী পরীক্ষার কপি। |
| [৩.১] কর্মী প্রেরণের লক্ষ্যে সম্ভাব্য নতুন দেশ নির্ধারণ | [৩.১.১] নির্ধারিত দেশের তথ্যানুসন্ধান | ব্যবসায় উন্নয়ন, অনুবিভাগ | তথ্যানুসন্ধান সম্পর্কীত সামারি শিট |
| [৩.২] নির্ধারিত দেশে কর্মী প্রেরণের জন্য সম্ভাব্যতা যাচাই | [৩.২.১] নতুন শ্রমবাজারে কর্মী প্রেরণের জন্য সম্ভাব্যতা যাচাই সমাপ্ত | ব্যবসায় উন্নয়ন, অনুবিভাগ | সম্ভাব্যতা যাচাই সম্পর্কীত প্রতিবেদন |
| [৩.৩] নতুন কর্মী নিয়োগের চাহিদাপত্র সংগ্রহ | [৩.৩.১] প্রাথমিক চাহিদা/ চূড়ান্ত চাহিদা | ব্যবসায় উন্নয়ন, অনুবিভাগ | প্রাথমিক চাহিদা/ চূড়ান্ত চাহিদার কপি |
| [৩.৪] প্রাপ্ত চাহিদার ভিত্তিতে কর্মী প্রেরণ | [৩.৪.১] নতুন বাজারে প্রেরিত মোট কর্মী | ব্যবসায় উন্নয়ন অনুবিভাগ | কর্মী প্রেরণের সামারি শিট দাখিল |
| [৩.৫] শ্রমবাজার অনুসন্ধান, সমঝোতা স্মারক /চুক্তিস্বাক্ষর / কর্মী প্রেরণ কাজে গন্তব্য দেশ সফর | [৩.৫.১] সমঝোতা স্মারক /চুক্তি স্বাক্ষরকৃত | ব্যবস্থাপনা পরিচালক | স্বাক্ষরিত সমঝোতা স্মারক / চুক্তি সম্পর্কিত সফর প্রতিবেদন |
| [৪.১] কর্মী প্রেরণের চাহিদা সংগ্রহ | [৪.১.১] চাহিদার সংখ্যা | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | সংগৃহীত চাহিদার কপি |
| [৪.২] প্রাপ্ত চাহিদার ভিত্তিতে কর্মী প্রেরণ | [৪.২.১] কর্মী প্রেরিত | বৈদেশিক নিয়োগ অনুবিভাগ | কর্মী প্রেরণের সামারি শিট দাখিল |
| [৪.৩] চলমান বাজার সম্প্রসারণ ও পর্যবেক্ষণ কাজে গন্তব্য দেশ সফর | [৪.৩.১] বিদ্যমান শ্রমবাজার সম্প্রসার ও পর্যবেক্ষণের জন্য গবেষণা সম্পাদন | ব্যবস্থাপনা পরিচালক | বাজার সম্প্রসারণ ও পর্যবেক্ষণ সম্পর্কিত সফর প্রতিবেদন |
| [৫.১] অভিবাসন খাতে সুশাসন ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রচারণা | [৫.১.১] প্রচারপত্র/পুস্তিকা ইত্যাদি মুদ্রিত ও প্রকাশিত | প্রশাসন মানবসম্পদ ও প্রশিক্ষণ অধিশাখা | কার্যাদেশ নমুনা ও বিল |
| | [৫.১.২] প্রচারপত্র/পুস্তিকা ইত্যাদি বিলিকৃত। | প্রশাসন মানবসম্পদ ও প্রশিক্ষণ অধিশাখা | মজুদ ও বিতরণ রেজিস্ট্রার এর কপি |
| [৫.২] বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রচার | [৫.২.১] প্রতিবেদন প্রণীত | প্রশাসন মানবসম্পদ ও প্রশিক্ষণ অধিশাখা এবং প্রণয়ন কমিটি | কার্যাদেশ নমুনা ও বিল |
| | [৫.২.২] প্রতিবেদন বিলিকৃত | প্রশাসন মানবসম্পদ ও প্রশিক্ষণ অধিশাখা | মজুদ ও বিতরণ রেজিস্ট্রার এর কপি |
| [৫.৩] বিজ্ঞাপন/বিজ্ঞপ্তি/গণবিজ্ঞপ্তি প্রকাশ ও প্রচার | [৫.৩.১] বিজ্ঞাপন/ বিজ্ঞপ্তি/গণবিজ্ঞপ্তি প্রকাশিত | প্রশাসন মানবসম্পদ ও প্রশিক্ষণ অধিশাখা | কার্যাদেশ , প্রচারের কপি |
| [৫.৪] টিভিসি ইত্যাদি নির্মাণ ও প্রচার | [৫.৪.১] নির্মিত টিভিসি প্রচারিত | প্রশাসন মানবসম্পদ ও প্রশিক্ষণ অধিশাখা | কার্যাদেশ , প্রচারের কপি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| প্রাপ্ত চাহিদার ভিত্তিতে কর্মী প্রেরণ | কর্মী প্রেরিত | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | বিমানবন্দরে ইমিগ্রেশন সেবা প্রদান |
| প্রাপ্ত চাহিদার ভিত্তিতে কর্মী প্রেরণ | নতুন বাজারে প্রেরিত মোট কর্মী | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | বিমানবন্দরে ইমিগ্রেশন সেবা প্রদান |
| চলমান বাজার সম্প্রসারণ ও পর্যবেক্ষণ কাজে গন্তব্য দেশ সফর | বিদ্যমান শ্রমবাজার সম্প্রসার ও পর্যবেক্ষণের জন্য গবেষণা সম্পাদন | পররাষ্ট্র মন্ত্রণালয় | নোট ভারবাল, ভিসা ইত্যাদি সেবা প্রদান |
| শ্রমবাজার অনুসন্ধান, সমঝোতা স্মারক /চুক্তিস্বাক্ষর / কর্মী প্রেরণ কাজে গন্তব্য দেশ সফর | সমঝোতা স্মারক /চুক্তি স্বাক্ষরকৃত | পররাষ্ট্র মন্ত্রণালয় | নোট ভারবাল, ভিসা ইত্যাদি সেবা প্রদান |
| মোট পেশাজীবী, দক্ষ ও স্বল্পদক্ষ কর্মী প্রেরণ | প্রেরীত মোট কর্মী | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | স্মার্টকার্ড, ফিঙ্গার প্রিন্ট ও বহি:গমণ ছাড়পত্র প্রদান |
| চলমান বাজার সম্প্রসারণ ও পর্যবেক্ষণ কাজে বিদেশ সফর | বিদেশ সফরকৃত | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | শ্রমবাজার সম্প্রসারণ ও চলমান বাজার পর্যবেক্ষণ কাজে নিয়মিত বিদেশ সফর অনুমোদন |
| শ্রমবাজার অনুসন্ধান, সমঝোতা স্মারক /চুক্তিস্বাক্ষর / কর্মী প্রেরণ কাজে বিদেশ সফর | বিদেশ সফরকৃত | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | শ্রমবাজার সম্প্রসারণ ও চলমান বাজার পর্যবেক্ষণ কাজে নিয়মিত বিদেশ সফর অনুমোদন |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ